বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

## ইউজিসি এওয়ার্ড নীতিমালা ২০২৫

(২৯-০৬-২০২৫ তারিখের ১৭১তম পূর্ণ কমিশন সভায় অনুমোদিত)

১. শিরোনাম : **ইউজিসি এওয়ার্ড নীতিমালা ২০২৫**

২. ভূমিকা : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহে কর্মরত প্রথিতযশা শিক্ষক গবেষকগণকে একাডেমিক ও পেশাগত সাফল্যের স্বীকৃতিস্বরূপ এবং তাঁদের মৌলিক গবেষণা ও প্রকাশনায় উৎসাহ প্রদানের লক্ষ্যে ইউজিসি এওয়ার্ড প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই এওয়ার্ড প্রদানের মাধ্যমে একদিকে যেমন প্রবীণ শিক্ষকবৃন্দকে শিক্ষা, গবেষণা ও উদ্ভাবনের ক্ষেত্রে তাঁদের জীবনব্যাপী অবদানের স্বীকৃতি প্রদান করা হবে, অপরদিকে তেমনি নবীন শিক্ষক গবেষকদের গবেষণা ও প্রকাশনার প্রতি আগ্রহ বৃদ্ধি করা এবং গবেষণালব্ধ ফলাফল পেটেন্টযোগ্যসহ বাজারজাতকরণ করা ও বিশ্বজ্ঞান ভান্ডারে তা সংযোজন করা ইত্যাদি বিষয়ে উৎসাহিত করা হবে। এই এওয়ার্ডের মাধ্যমে শিক্ষক গবেষকগণের উন্নতমানের প্রবন্ধ ও পুস্তক প্রকাশনাকেও পুরস্কৃত করা হবে।

৩. সংজ্ঞা : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না থাকলে, এই নীতিমালায়-

(ক) 'কমিশন' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973) দ্বারা গঠিত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

(খ) 'পূর্ণ কমিশন' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973) অনুযায়ী চেয়ারম্যান, পূর্ণকালীন সদস্য ও খন্ডকালীন সদস্য দ্বারা গঠিত কমিশন;

(গ) 'চেয়ারম্যান' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান;

(ঘ) 'সদস্যবৃন্দ' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্ণকালীন সদস্যবৃন্দ;

(ঙ) 'সচিব' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব;

(চ) 'অ্যাডভাইজরি কমিটি' অর্থ ইউজিসি এওয়ার্ড-এর জন্য প্রাপ্ত মনোনয়ন ও আবেদনসমূহ যাচাই-বাছাই করে বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ দ্বারা মূল্যায়ন কমিটি গঠন ও উক্ত কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত তালিকা চূড়ান্ত মনোনয়নের নিমিত্ত গঠিত কমিটি;

(ছ) 'মূল্যায়ন কমিটি' অর্থ ইউজিসি বেস্ট পাবলিকেশন এওয়ার্ড প্রদানের নিমিত্ত প্রাপ্ত আবেদনসমূহ মূল্যায়নের নিমিত্ত গঠিত কমিটি।

৪. এওয়ার্ডের নাম : (ক) **ইউজিসি গোল্ড মেডেল** (ষাটোর্ধ্ব বয়সী বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণের জন্য)

(খ) **ইউজিসি এওয়ার্ড ফর ইয়াং রিসার্চার** (অনুর্ধ্ব চল্লিশ বছর বয়সী বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণের জন্য)

(গ) **ইউজিসি বেস্ট পাবলিকেশন এওয়ার্ড** (বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ কর্তৃক স্বীকৃত জার্নাল/প্রকাশনায় প্রকাশিত প্রবন্ধ/পুস্তকের জন্য)

৫. উদ্দেশ্য : (৫.১) **ইউজিসি গোল্ড মেডেল:** এই এওয়ার্ড প্রদানের উদ্দেশ্য হলো ষাটোর্ধ্ব বয়সী প্রথিতযশা শিক্ষক গবেষকগণের কর্মময় জীবন, মৌলিক গবেষণা, প্রকাশনা ও উল্লেখযোগ্য অর্জনসমূহ ইত্যাদির জন্য সর্বোচ্চ মানের স্বীকৃতি প্রদান এবং পুরস্কৃত করা। এই ক্যাটাগরির অধীনে সম্ভাব্য পুরস্কার প্রাপ্তরা হবেন সেই সকল শিক্ষাবিদ গবেষক যারা তাদের একাডেমিক কার্যক্রম, গবেষণা ও প্রকাশনার মাধ্যমে বুদ্ধিবৃত্তিক উদ্ভাবন ও শিক্ষাব্যবস্থার উন্নয়নে সর্বাধিক অবদান রেখেছেন (অর্থাৎ, কেবল তাদের আনুষ্ঠানিক পদবি বা পদের মাধ্যমে নয়)।

(৫.২) **ইউজিসি এওয়ার্ড ফর ইয়াং রিসার্চার:** এই এওয়ার্ড অনুর্ধ্ব চল্লিশ বছর বয়সী শিক্ষক গবেষকগণকে প্রদান করা হবে, যা তাদের গবেষণাকে আরও উদ্দীপিত করা এবং গবেষণার মান বৃদ্ধির ক্ষেত্রে সর্বাধিক প্রতিশ্রুতিশীলতা প্রদর্শনের জন্য বিবেচনা করা যায়। এই এওয়ার্ডের উদ্দেশ্য হলো প্রাথমিক-ক্যারিয়ারের গবেষকদের গবেষণা এবং প্রকাশনার ক্ষেত্রে অবদান এবং ভবিষ্যতের সম্ভাবনা উভয়কেই স্বীকৃতি দেওয়া ও উদ্বুদ্ধ করা। এক্ষেত্রেও, নির্বাচনের ক্ষেত্রে বিশেষ/অসামান্য অবদান, গবেষণা এবং প্রকাশনার উপর যথাযথ গুরুত্ব দেওয়া হবে।

(৫.৩) **ইউজিসি বেস্ট পাবলিকেশন এওয়ার্ড:** এই এওয়ার্ড শিক্ষক গবেষকবৃন্দের মৌলিক গবেষণা প্রবন্ধ, গবেষণাধর্মী, পর্যালোচনামূলক অথবা শ্রেণিকক্ষে ব্যবহার উপযোগী খ্যাতনামা প্রকাশক কর্তৃক প্রকাশিত পুস্তক, বিদেশি ভাষায় প্রকাশিত সমসাময়িক গবেষণাধর্মী আলোচিত পর্যালোচনামূলক কিংবা বাংলায় অনুদিত গুরুত্বপূর্ণ পাঠ্যপুস্তককে প্রদান করা হবে।

৬. **সময়কাল** : (৬.১) **ইউজিসি গোল্ড মেডেলের ক্ষেত্রে-** একজন পূর্ণকালীন শিক্ষক তাঁর সামগ্রিক জীবনের/সময়ের কৃতিত্ব (Lifetime Achievement)/মৌলিক গবেষণা ও প্রকাশনার উপর এই এওয়ার্ডের জন্য সর্বোচ্চ ১ বার বিবেচিত হতে পারবেন। তবে কোনো ব্যক্তি **'ইউজিসি এওয়ার্ড ফর ইয়াং রিসার্চার'** ক্যাটাগরিতে এওয়ার্ড পাওয়ার নির্দিষ্ট বয়স ও সময় অতিক্রান্ত হওয়ার পর সকল যোগ্যতা অর্জন সাপেক্ষে পুনরায় তিনি আরও ১ (এক) বার **'ইউজিসি গোল্ড মেডেল'** এওয়ার্ডের জন্য বিবেচিত হতে পারবেন।

(৬.২) **ইউজিসি এওয়ার্ড ফর ইয়াং রিসার্চারের ক্ষেত্রে-** একজন পূর্ণকালীন শিক্ষক তাঁর চল্লিশ বছর বয়সের মধ্যকার জীবনের/সময়ের কৃতিত্ব (Achievement)/মৌলিক গবেষণা ও প্রকাশনার উপর এই এওয়ার্ডের জন্য সর্বোচ্চ ১ (এক) বার এই এওয়ার্ডের জন্য বিবেচিত হতে পারবেন।

(৬.৩) **ইউজিসি বেস্ট পাবলিকেশন এওয়ার্ডের ক্ষেত্রে-** নির্দিষ্ট বছরের ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বরের মধ্যে স্বীকৃত জার্নাল/প্রকাশনায় প্রকাশিত প্রবন্ধ অথবা পুস্তক সর্বোচ্চ ১ (এক) বার এই এওয়ার্ডের জন্য বিবেচিত হতে পারবে।

৭. **মনোনয়ন ও দরখাস্ত আহ্বান** : এ সংক্রান্ত বিজ্ঞপ্তি ইউজিসির ওয়েবসাইটে আপলোডকরণসহ দেশের সকল বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হবে এবং বহুল প্রচারিত দুটি জাতীয় (১টি বাংলা ও ১টি ইংরেজি) পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হবে। **ইউজিসি গোল্ড মেডেল**-এর জন্য বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক অনুষদ কর্তৃক মনোনীত/সুপারিশকৃত পূর্ণকালীন শিক্ষকগণের নাম গ্রহণ করা হবে। তন্মধ্যে, **ইউজিসি এওয়ার্ড ফর ইয়াং রিসার্চার ও ইউজিসি বেস্ট পাবলিকেশন এওয়ার্ড**-এর জন্য দরখাস্ত আহ্বান করা হবে। এওয়ার্ড প্রদানের জন্য একটি অ্যাডভাইজরি কমিটি গঠন করা হবে এবং উক্ত কমিটি কর্তৃক যাচাই-বাছাইয়ের মাধ্যমে ব্যক্তি/প্রবন্ধ/পুস্তক চূড়ান্তভাবে নির্বাচন করা হবে।

৮. **অ্যাডভাইজরি কমিটি** : **ইউজিসি এওয়ার্ড** প্রদানের জন্য চূড়ান্তভাবে নির্বাচনের লক্ষ্যে নিম্নরূপভাবে ০২ (দুই) বছর মেয়াদী অ্যাডভাইজরি কমিটি গঠন করা হবে-

(ক) চেয়ারম্যান, ইউজিসি---------------------------------------------------------------------------আহ্বায়ক
(খ) পূর্ণকালীন সদস্যবৃন্দ, ইউজিসি------------------------------------------------------------------সদস্য
(গ) ২ জন বিশিষ্ট শিক্ষাবিদ (কমিশন কর্তৃক মনোনীত)---------------------------------------------সদস্য
(ঘ) ২ জন পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (কমিশন কর্তৃক মনোনীত)----------------------------সদস্য
(ঙ) ২ জন প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (কমিশন কর্তৃক মনোনীত)----------------------------সদস্য
(ছ) পরিচালক, রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড ডিভিশন, ইউজিসি-------------------------------------সদস্যসচিব

৯. **মূল্যায়ন কমিটি** : ইউজিসি বেস্ট পাবলিকেশন এওয়ার্ড-এর জন্য প্রাপ্ত আবেদনসমূহ বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ কর্তৃক মূল্যায়নপূর্বক প্রাথমিকভাবে নির্বাচিত এওয়ার্ডি/প্রবন্ধ/পুস্তকের তালিকা প্রস্তুতের জন্য নিম্নরূপভাবে মূল্যায়ন কমিটি গঠন করা হবে-

(ক) ১জন পূর্ণকালীন সদস্য, ইউজিসি-------------------------------------------------------------আহ্বায়ক
(খ) ৫-৭ জন বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ (অ্যাডভাইজরি কমিটি কর্তৃক মনোনীত)-----------------বিশেষজ্ঞ সদস্য
(গ) পরিচালক, রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড ডিভিশন, ইউজিসি-------------------------------------সদস্যসচিব

কমিটি প্রয়োজনে বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে পারবে।

১০) ইউজিসি গোল্ড মেডেল : কোনো বছরে সাধারণভাবে নিম্নোক্ত ৩টি ক্যাটাগরিতে প্রতিটিতে ২টি করে মোট এওয়ার্ডের সংখ্যা হবে ৬টি। তবে একই এরিয়া/অনুষদ হতে একের অধিক এওয়ার্ড প্রদান করা হবে না।

১০.১) এওয়ার্ডের শ্রেণিবিভাগ : (ক) আর্টস ও হিউম্যানিটিস এন্ড স্যোশাল সায়েন্স (কলা ও চারুকলা, আইন ও শিক্ষা, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ);

(খ) ইঞ্জিনিয়ারিং সায়েন্স এন্ড টেকনোলজি ও ফিজিক্যাল সায়েন্স (প্রকৌশল-প্রযুক্তি এবং স্থাপত্য ও পরিকল্পনা, ভৌতবিজ্ঞান, গাণিতিক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং কম্পিউটার সায়েন্স);

(গ) লাইফ সায়েন্স, বায়োলজিক্যাল সায়েন্স ও এগ্রিকালচারাল সায়েন্স (জীববিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান ও ফার্মাসিউটিক্যালস, কৃষি, বন ও পরিবেশ বিজ্ঞান)।

উল্লিখিত কোনো ক্যাটাগরিতে উপযুক্ত পূর্ণকালীন শিক্ষক গবেষক পাওয়া না গেলে সেই ক্যাটাগরিতে এওয়ার্ড প্রদান করা হবে না।

১০.২) যোগ্যতা ও শর্তাবলি : পূর্ণকালীন শিক্ষক গবেষক মনোনয়ন প্রদানের ক্ষেত্রে যোগ্যতা ও শর্তাবলি-

(ক) মনোনীত শিক্ষক গবেষককে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;

(খ) মৌলিক গবেষণা ও প্রকাশনার তালিকা, রিসার্চ কন্ট্রিবিউশন, এমফিল ও পিএইচডি'র সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন ও পেটেন্টযোগ্য গবেষণার প্রয়োজনীয় তথ্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করতে হবে;

(গ) অন্যকোনো পদক/এওয়ার্ড প্রাপ্ত হলে তার বিবরণ এবং জাতীয় ও আন্তর্জাতিক কোনো সংস্থার সাথে সদস্য/ফেলো হিসেবে নিযুক্ত থাকলে আন্তর্জাতিক পরিমন্ডলে পান্ডিত্যের অন্য কোন প্রকার স্বীকৃতি থাকলে তার তথ্য প্রদান করতে হবে ।

১০.৩) কার্যপরিধি : (ক) বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক অনুষদ কর্তৃক সুপারিশকৃত/প্রেরিত অথবা কমিটির স্ব-উদ্যোগে সংগৃহীত ষাটোর্ধ্ব বয়সী পূর্ণকালীন শিক্ষকগণের কর্মময় জীবন, মৌলিক গবেষণা, প্রকাশনা ও উল্লেখযোগ্য অর্জনসমূহ বিবেচনাপূর্বক অ্যাডভাইজরি কমিটির সভার মাধ্যমে যাচাই-বাছাই করে এওয়ার্ডের জন্য নির্বাচন করা হবে।

(খ) মনোনয়ন ও মূল্যায়ন ফরমে যেকোনো সংশোধন/সংযোজন/বিয়োজন করার ক্ষমতা অ্যাডভাইজরি কমিটি সংরক্ষণ করে। তবে বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বেই এই সংশোধন/সংযোজন/বিয়োজন সম্পন্ন করতে হবে।

১০.৪) সম্মাননা ও সম্মানী : ইউজিসি গোল্ড মেডেলপ্রাপ্ত ব্যক্তিবর্গকে প্রদেয়সমূহ-

(ক) ২২ (বাইশ) ক্যারেট মানের ১০ (দশ) গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক;

(খ) পদকের একটি রেপ্লিকা;

(গ) ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা; এবং

(ঘ) একটি সম্মাননাপত্র।

১১) ইউজিসি এওয়ার্ড ফর ইয়াং রিসার্চার : কোনো বছরে সাধারণভাবে নিম্নোক্ত ৩টি ক্যাটাগরিতে প্রতিটিতে ৩টি করে মোট এওয়ার্ডের সংখ্যা হবে ৯টি। তবে একই এরিয়া/অনুষদ হতে একের অধিক এওয়ার্ড প্রদান করা হবে না।

১১.১) এওয়ার্ডের শ্রেণিবিভাগ : (ক) আর্টস ও হিউম্যানিটিস এন্ড স্যোশাল সায়েন্স (কলা ও চারুকলা, আইন ও শিক্ষা, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ);

(খ) ইঞ্জিনিয়ারিং সায়েন্স এন্ড টেকনোলজি ও ফিজিক্যাল সায়েন্স (প্রকৌশল-প্রযুক্তি এবং স্থাপত্য ও পরিকল্পনা, ভৌতবিজ্ঞান, গাণিতিক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং কম্পিউটার সায়েন্স);

(গ) লাইফ সায়েন্স, বায়োলজিক্যাল সায়েন্স ও এগ্রিকালচারাল সায়েন্স (জীববিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান ও ফার্মাসিউটিক্যালস, কৃষি, বন ও পরিবেশ বিজ্ঞান)।

উল্লিখিত কোনো ক্যাটাগরিতে উপযুক্ত পূর্ণকালীন শিক্ষক গবেষক পাওয়া না গেলে সেই ক্যাটাগরিতে এওয়ার্ড প্রদান করা হবে না।

১১.২) যোগ্যতা ও শর্তাবলি : আবেদনের যোগ্যতা ও শর্তাবলি নিম্নরূপ-

(ক) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;

(খ) আবেদনকারীকে গবেষকের মৌলিক গবেষণা ও প্রকাশনার তালিকা, রিসার্চ কন্ট্রিবিউশন, এমফিল ও পিএইচডি'র সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন ও পেটেন্টযোগ্য গবেষণার প্রয়োজনীয় তথ্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করতে হবে;

(গ) অন্যকোনো পদক/এওয়ার্ড প্রাপ্ত হলে তার বিবরণ এবং জাতীয় ও আন্তর্জাতিক কোনো সংস্থার সাথে সদস্য/ফেলো হিসেবে নিযুক্ত থাকলে তার তথ্য প্রদান করতে হবে;

(ঘ) আবেদনকারীকে যথাযথ কর্তৃপক্ষ অর্থাৎ বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১.৩) কার্যপরিধি : (ক) প্রাপ্ত আবেদনসমূহ অনুর্ধ্ব চল্লিশ বছর বয়সী পূর্ণকালীন শিক্ষকগণের কর্মময় জীবন, মৌলিক গবেষণা, প্রকাশনা ও উল্লেখযোগ্য অর্জনসমূহ বিবেচনাপূর্বক অ্যাডভাইজরি কমিটির সভার মাধ্যমে যাচাই-বাছাই করে এওয়ার্ডের জন্য নির্বাচন করা হবে।

(খ) আবেদন ও মূল্যায়ন ফরমে যেকোনো সংশোধন/সংযোজন/বিয়োজন করার ক্ষমতা অ্যাডভাইজরি কমিটি সংরক্ষণ করে। তবে বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বেই এই সংশোধন/সংযোজন/বিয়োজন সম্পন্ন করতে হবে।

১১.৪) সম্মাননা ও সম্মানী : ইউজিসি এওয়ার্ড ফর ইয়াং রিসার্চারপ্রাপ্ত ব্যক্তিবর্গকে প্রদেয়সমূহ-

(ক) ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা; এবং

(খ) একটি সম্মাননাপত্র।

১২) ইউজিসি বেস্ট পাবলিকেশন এওয়ার্ড : গবেষণা প্রবন্ধ ও পুস্তকের উপরে এই এওয়ার্ড প্রদান করা হবে।

১২.১) এওয়ার্ডের শ্রেণিবিভাগ : **১২.১.১) গবেষণা প্রবন্ধ ক্যাটাগরি-**

(ক) আর্টস এন্ড হিউম্যানিটিস (কলা ও চারুকলা-২টি, আইন ও শিক্ষা-১টি);

(খ) স্যোশাল সায়েন্স (সামাজিক বিজ্ঞান-২টি, বিজনেস স্টাডিজ-১টি);

(গ) এগ্রিকালচারাল সায়েন্স (কৃষি, বন ও পরিবেশ বিজ্ঞান-৩টি);

(ঘ) লাইফ সায়েন্স/বায়োলজিক্যাল সায়েন্স (জীববিজ্ঞান-৩টি, চিকিৎসা বিজ্ঞান ও ফার্মাসিউটিক্যালস-৩টি);

(ঙ) প্রকৌশল ও স্থাপত্য (প্রকৌশল-প্রযুক্তি এবং স্থাপত্য ও পরিকল্পনা-৩টি);

(চ) ফিজিক্যাল সায়েন্স (ভৌতবিজ্ঞান-২টি, গাণিতিক-১টি);

(ছ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং কম্পিউটার সায়েন্স (১টি)।

**১২.১.২) পুস্তক ক্যাটাগরি-**

(ক) স্নাতক/ স্নাতকোত্তর পর্যায়ের পাঠ্যপুস্তকের জন্য-২টি;

(খ) উচ্চশিক্ষা সম্পর্কিত গবেষণামূলক/পর্যালোচনামূলক পুস্তকের জন্য-১টি;

(গ) অনুবাদ গ্রন্থের জন্য-১টি।

উল্লিখিত উপঅনুচ্ছেদ ১২.১.১ ও ১২.১.২-এ বর্ণিত কোনো ক্যাটাগরিতে উপযুক্ত মানসম্মত প্রকাশনা পাওয়া না গেলে সেই ক্যাটাগরিতে এওয়ার্ড প্রদান করা হবে না।

১২.২) যোগ্যতা ও শর্তাবলি : আবেদনের যোগ্যতা ও শর্তাবলি নিম্নরূপ-

(ক) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;

(খ) পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের (স্থায়ী সনদপ্রাপ্ত) পূর্ণকালীন শিক্ষকরা আবেদন করতে পারবেন;

(গ) গবেষণা প্রবন্ধ অবশ্যই Clarivate Analytics এর Master Journal List-এ অন্তর্ভুক্ত Journal-এ প্রকাশিত হতে হবে;

(ঙ) একজন আবেদনকারী প্রবন্ধ ক্যাটাগরিতে যেকোনো শাখায় একের অধিক আবেদন করতে পারবেন না। একের অধিক আবেদন করলে তাঁর সকল আবেদন বাতিল বলে গণ্য হবে;

(চ) আবেদনকারীর প্রকাশনা তালিকা এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য প্রদান করতে হবে;

(ছ) চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে প্রকাশনা, প্রদর্শনীর সফটকপি ও ক্যাটালগ দাখিল করতে হবে;

(জ) স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে পোর্টফলিও দাখিল করতে হবে;

(ঝ) প্রবন্ধ/পুস্তকটি জাতীয়/আন্তর্জাতিক মানের জার্নাল/প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত হতে হবে;

(ঞ) প্রকাশনাটি একাডেমিক বা গবেষণামূলক কাজের সাথে সংশ্লিষ্ট হতে হবে;

(ট) আবেদনকারীকে আবেদন করার সময় অনধিক ৩০০ (তিনশত) শব্দের মধ্যে প্রকাশনার সারসংক্ষেপের হার্ড এবং সফটকপি (বাংলা ও ইংরেজিতে) জমা দিতে হবে;

(ঠ) আবেদনকারীকে আবেদন করার সময় অনধিক ৩০০ (তিনশত) শব্দের মধ্যে একাডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন-বৃত্তান্তের হার্ড এবং সফটকপি (বাংলা ও ইংরেজিতে) এবং সাম্প্রতিক কালের তোলা ২ (দুই) কপি রঙ্গিন ছবিসহ জমা দিতে হবে;

(ড) কোনো বছর কোনো ক্যাটাগরিতে যেকোনো শাখায় উপযুক্ত মানের প্রকাশনা পাওয়া না গেলে সে শাখায় কোনো এওয়ার্ড প্রদান করা হবে না;

(ঢ) আবেদনকারী এওয়ার্ড বাছাই সংক্রান্ত কমিটির সাথে সংশ্লিষ্ট হতে পারবে না;

(ণ) গবেষক/লেখক কর্তৃক প্লেজিয়ারিজম (Plagiarism)/সিমিলারিটি ইনডেক্স সফটওয়্যারের রিপোর্টসহ প্রবন্ধ/পুস্তকের মৌলিকত্বের ঘোষণাপত্র দাখিল করতে হবে;

(ত) আবেদনের সাথে যুক্ত বা যেই প্রবন্ধের জন্য আবেদন করা হবে, তার সাথে যুক্ত Co-Author-গণের কাজের অবদান আনুপাতিক হারে আবেদনের সাথে উল্লেখ করতে হবে। এক্ষেত্রে তাঁদের মধ্য থেকে কেবলমাত্র বাংলাদেশি Author আনুপাতিক হারে আর্থিক পুরস্কার পাবেন। তবে সকল Author-কে সম্মাননাপত্র দেওয়া হবে;

(থ) কমিশনের নির্ধারিত প্রোফর্মা ও শর্তাবলি অনুসরণপূর্বক আবেদন দাখিল করতে হবে, অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

(দ) **১) প্রবন্ধের ক্ষেত্রে-**

(ক) প্রবন্ধটি কোথায়, কবে, কোন বিশ্ববিদ্যালয় থেকে, কোন জার্নালে এবং কোন প্রকাশনা সংস্থা কর্তৃক প্রকাশিত হয়েছে তার বিবরণ (ওয়েবসাইট, ফোন, ই-মেইল, ফ্যাক্স, হালনাগাদ ইমপ্যাক্ট ফ্যাক্টর/ইনডেক্স ও সাইটেশন ইত্যাদি) উল্লেখ করতে হবে;

**২) পুস্তকের ক্ষেত্রে-**

(ক) পুস্তকটি দেশে-বিদেশের কোন কোন বিশ্ববিদ্যালয়ে কোন বিষয়ে পড়ানো হচ্ছে কিংবা লাইব্রেরিতে সংরক্ষিত আছে তার একটি তালিকা আবেদনকারীকে প্রমাণপত্রসহ দাখিল করতে হবে;

(খ) পুস্তকটির কোনো রি-প্রিন্ট গ্রহণযোগ্য হবে না। যে বছর এওয়ার্ড প্রদান করার জন্য আবেদন আহ্বান করা হবে পুস্তকের প্রকাশনা কাল সে বছরের হতে হবে।

**১২.৩) কার্যপরিধি** : **(ক) প্রবন্ধের ক্ষেত্রে,** প্রাপ্ত আবেদনসমূহ অ্যাডভাইজরি কমিটি কর্তৃক প্রাথমিকভাবে যাচাই-বাছাই করে মূল্যায়নের নিমিত্ত বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ মনোনয়নপূর্বক প্রতিটি শাখার জন্য মূল্যায়ন কমিটি গঠন করে তাঁদের নিকট প্রেরণ করা হবে। উক্ত কমিটির বিশেষজ্ঞ সদস্যের মূল্যায়ন প্রতিবেদন পাওয়ার পর সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক মূল্যায়ন কমিটির আহ্বায়ক কর্তৃক আয়োজিত সভায় মূল্যায়ন মতামত পর্যালোচনাপূর্বক ইউজিসি এওয়ার্ড প্রদানের জন্য প্রাথমিকভাবে প্রবন্ধ নির্বাচিত করা হবে;

**(খ) পুস্তকের ক্ষেত্রে,** প্রাপ্ত পুস্তকসমূহ অ্যাডভাইজরি কমিটি কর্তৃক প্রাথমিকভাবে যাচাই-বাছাইপূর্বক প্রত্যেকটি পুস্তক মূল্যায়নের নিমিত্ত ৩ (তিন) জন বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ মনোনীত করা হবে। প্রথমে ২ (দুই) জন বিশেষজ্ঞের নিকট প্রেরণ করা হবে। উক্ত ২ (দুই) জন বিশেষজ্ঞের প্রদত্ত নম্বরের পার্থক্য যদি ২০ (বিশ) এর অধিক হয়, সেক্ষেত্রে তৃতীয় বিশেষজ্ঞের নিকট প্রেরণ করা হবে। এক্ষেত্রে তৃতীয় বিশেষজ্ঞের নম্বর এবং তার প্রদত্ত নম্বরের কাছাকাছি/সন্নিকটের নম্বরটির গড় নম্বর বিবেচনা করা হবে। তৃতীয় বিশেষজ্ঞের নম্বরের সাথে নিম্ন ও উচ্চ নম্বরের ব্যবধান সমান হলে তৃতীয় নম্বর ও উচ্চ নম্বরের গড় নেওয়া হবে;

**(গ)** ইউজিসি বেস্ট পাবলিকেশন এওয়ার্ড প্রদানের জন্য প্রাথমিকভাবে মূল্যায়ন কমিটি কর্তৃক নির্বাচিত প্রবন্ধ-এর তালিকা এবং সকল পুস্তকের মতামতসহ মূল্যায়ন প্রতিবেদনের তালিকা উপস্থাপনপূর্বক পুনরায় অ্যাডভাইজরি কমিটির সভার মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে;

**(ঘ)** অনুচ্ছেদ ১২.৩-এর উপঅনুচ্ছেদ (ক) ও (খ) উভয়ক্ষেত্রে আবেদন ও মূল্যায়ন ফরমে যেকোনো সংশোধন/সংযোজন/বিয়োজন করার ক্ষমতা অ্যাডভাইজরি কমিটি সংরক্ষণ করে। তবে বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বেই এই সংশোধন/সংযোজন/বিয়োজন সম্পন্ন করতে হবে।

**১২.৪) সম্মাননা ও সম্মানী** : ইউজিসি বেস্ট পাবলিকেশন এওয়ার্ডপ্রাপ্ত ব্যক্তিবর্গকে প্রদেয়সমূহ-

১২.৪.১) **প্রবন্ধের ক্ষেত্রে-**

(ক) ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা; এবং

(খ) সম্মাননাপত্র;

১২.৪.২) **পুস্তকের ক্ষেত্রে-**

(ক) ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা; এবং

(খ) সম্মাননাপত্র।

১২.৪.৩) **অনুবাদ গ্রন্থের ক্ষেত্রে-**

(ক) ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা; এবং

(খ) সম্মাননাপত্র।

**১৩. এওয়ার্ড প্রদান পদ্ধতি** : ১৩.১) চূড়ান্তভাবে নির্বাচিত এওয়ার্ডি/প্রবন্ধ/পুস্তক'কে মহামান্য রাষ্ট্রপতির অভিপ্রায় অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ে অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে এওয়ার্ড প্রদান করা হবে।

১৩.২) ইউজিসি এওয়ার্ড প্রদানের ক্ষেত্রে যে সকল এওয়ার্ডি অনিবার্য কারণবশতঃ এওয়ার্ড প্রদান অনুষ্ঠানে উপস্থিত হতে অপারগ, সে সকল ক্ষেত্রে এওয়ার্ডির স্ত্রী বা স্বামী অথবা তার কোনো প্রতিনিধি এওয়ার্ড গ্রহণের জন্য অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারবেন।

**১৪. আদেশজারির কার্যকারিতা** : এই নীতিমালা পূর্ণ কমিশন সভার অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।

**১৫. রহিতকরণ ও হেফাজত** : ১৫.১) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের 'ইউজিসি স্বর্ণপদক নীতিমালা' এতদ্বারা রহিত করা হলো; এবং

১৫.২) উপঅনুচ্ছেদ (১৫.১)-এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, রহিত নীতিমালার অধীন কৃত কাজকর্ম বা গৃহীত কোনো ব্যবস্থা উক্ত রহিত নীতিমালার অধীনেই সম্পন্ন হবে।

**১৬. নীতিমালা সংশোধন ও অস্পষ্টতা দূরীকরণ** : ১৬.১) ইউজিসি এওয়ার্ড অ্যাডভাইজরি কমিটির সুপারিশের ভিত্তিতে এই নীতিমালার যেকোনো পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা সংশোধনের ক্ষমতা কমিশনের উপর ন্যস্ত থাকবে;

১৬.২) এতদ্ব্যতীত এই নীতিমালার কোনো অনুচ্ছেদ/বাক্য/শব্দের ব্যাখ্যা বা অর্থ নির্ধারণ কিংবা বিশেষ কোনো পরিস্থিতির উদ্ভব হলে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে; এবং

১৬.৩) ইউজিসি এওয়ার্ড প্রদান সংক্রান্ত বিষয়ে কমিশন কর্তৃপক্ষ যেকোনো সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা সংরক্ষণ করে।

**ড. মোঃ ফখরুল ইসলাম**
সচিব
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

**প্রফেসর ড. এস এম এ ফায়েজ**
চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন